

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৭.২০১৭-

২৪০

তারিখঃ ২২/০৭/১৭ খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব আব্দুর রশিদ খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া-এর বিরুদ্ধে অদক্ষতা, উদাসীনতা ও তদারকির ক্ষেত্রে অবহেলার অভিযোগে অধিদপ্তরের ২০-৮-২০১৭ খ্রিঃ তারিখের ১৪০ সংখ্যক স্মারকে অদক্ষতা ও অসদাচরণের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা চালু করা হয়।

০২। যেহেতু, লিখিত জবাবে অভিযুক্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে ২৮-৯-২০১৭ খ্রিঃ তারিখে তাকে ব্যক্তিগত শুনানী দেয়া হয়। শুনানীকালে তিনি বলেন যে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ রশিদুল ইসলাম সম্পূর্ণ প্রতারণামূলকভাবে এবং সুকৌশলে তার স্বাক্ষর জাল করে বিভিন্ন চেকের মাধ্যমে ঋণ কার্যক্রমের টাকা আত্মসাত করেছেন। তিনিই প্রথম বিষয়টি উদঘাটন করেছেন এবং উপ-পরিচালক কুষ্টিয়া-কে জানিয়েছেন। উপ-পরিচালকের নির্দেশে তিনি অফিস সহকারী ঠিক কত টাকা আত্মসাত করেছে, তা অনুসন্ধান করে বের করেন। অফিস সহকারী জনাব মোঃ রশিদুল ইসলাম-কে আত্মসাতকৃত টাকা সরকারী খাতে জমা দেয়ার জন্যে তিনি চাপ দিচ্ছেন এবং ইতোমধ্যে ৬,৭০,৬৪৮/- টাকা আদায় করে ব্যাংকে জমা দিতে সমর্থ হয়েছেন বলেও জানান। অবশিষ্ট টাকাও আদায়ের জন্যে জোর চেষ্টা করছেন বলে জানান। সর্বশেষে তিনি বিভাগীয় মামলা হতে অব্যাহতি চান।

০৩। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় দেখা যায় অভিযুক্ত কর্মকর্তার নিয়মিত নজরদারি না থাকায় এবং ব্যাংক স্থিতি তিনি নিয়মিত পর্যবেক্ষণ না করায় বর্ণিত অফিস সহকারী অর্থ আত্মসাত করার সুযোগ পেয়েছে। তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত। তবে তিনি আত্মসাতকৃত টাকা আদায়ের চেষ্টা করেছেন এবং কিছু টাকা আদায়ও করেছেন মর্মে দেখা গেল। তাছাড়া অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে এটিই প্রথম বিভাগীয় অভিযোগ। সার্বিক বিবেচনায় প্রথম অপরাধ হিসেবে তাকে লঘুদণ্ড দেয়ার সিদ্ধান্ত নেয়া হলো। এমতাবস্থায় অভিযুক্ত কর্মকর্তা জনাব আব্দুর রশিদ খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দৌলতপুর, কুষ্টিয়া-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার ৪(২)(বি) অনুসারে পরবর্তী এক বছরের জন্যে একটি বার্ষিক বেতন বৃদ্ধি অক্রমবধিষ্ণু হারে স্থগিত করণ দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৯৩৮৯।

জনাব আব্দুর রশিদ খান
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৭.২০১৭-

২৪০

তারিখঃ ২২/০৭/১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, দৌলতপুর, কুষ্টিয়া।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।